

আল-আ'লা | Al-A'la | الْأَعْلَى

আয়াতঃ ৮৭ : ৮

আরবি মূল আয়াত:

وَالَّذِي أَخْرَجَ الْمَرْعَىٰ ﴿٢﴾

অনুবাদসমূহ:

আর যিনি তৃণ-লতা বের করেন। — আল-বায়ান

যিনি তৃণ ইত্যাদি বের করেছেন। — তাইসিরুল

এবং যিনি তৃণাদী উৎপন্ন করেছেন, — মুজিবুর রহমান

And who brings out the pasture — Sahih International

৪. আর যিনি তৃণাদি উৎপন্ন করেন(১),

(১) তিনি চারণভূমির ব্যবস্থা করেছেন। যাবতীয় উদ্ভিদ ও ক্ষেত-খামার। [ইবন কাসীর] غُثَاء শব্দের অর্থ খড়-কুটা, আবর্জনা; যা বন্যার পানির উপর ভাসমান থাকে। [ফাতহুল কাদীর] أَحْوَى শব্দের অর্থ কৃষ্ণাভ গাঢ় সবুজ রং। [ফাতহুল কাদীর] এ আয়াতে আল্লাহ তা'আলা উদ্ভিদ সম্পর্কিত স্বীয় কুদরত ও হেকমত বর্ণনা করেছেন। তিনি ভূমি থেকে সবুজ-শ্যামল ঘাস উৎপন্ন করেছেন, অতঃপর একে শুকিয়ে কাল রং-এ পরিণত করেছেন এবং সবুজতা বিলীন করে দিয়েছেন। এতে দুনিয়ার চাকচিক্য যে ক্ষণস্থায়ী সেদিকে ইঙ্গিত করেছেন। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

৪। এবং যিনি (চারণ-ভূমির) তৃণাদি উদ্গত করেছেন। [১]

[১] যাতে চতুষ্পদ জন্তুরা চরে বেড়ায়।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5952>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন